

ভারতীয় সম্প্রদায়ের কল্যাণ তহবিলের নির্দেশিকা পুনর্বিবেচনা

জুলাই ২০, ২০১৭

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা ভারতীয় সম্প্রদায়ের কল্যাণ তহবিল (আইসিডবলুএফ)-এর নির্দেশিকা পুনর্বিবেচনাকে সম্মতি দিল।

আইসিডবলুএফ তৈরি হয়েছিল ২০০৯ সালে। বিদেশে বসবাসকারী ভারতীয়দের জরুরিকালীন ভিত্তিতে সাহায্যের জন্য এটি চালু করা হয়েছিল। কল্যাণমূলক কাজকে তহবিলের মাধ্যমে সম্প্রসারিত করার জন্য তহবিল পুনর্গঠন করা হয়। এই নির্দেশিকাগুলিতে তিনটি মূল ধারা অন্তর্ভুক্ত হবে, যেমন,— বৈষম্যমূলক পরিস্থিতি, কমিউনিটির সামাজিক কার্যকলাপ, কূটনৈতিক পদক্ষেপের উন্নতিতে বিদেশে বসবাসকার ভারতীয় নাগরিকদের সহায়তা করা। আশা করা হচ্ছে, এই পদক্ষেপ বিদেশে বসবাসকারী ভারতীয় নাগরিকদের নিরাপত্তার বিষয়টিকে আরও সুনিশ্চিত করবে।

বিদেশে বসবাসকারী ভারতীয়দের সাহায্যের পাশাপাশি, আইসিডবলুএফ লিবিয়া, ইরাক, ইয়েমেন, দক্ষিণ সুদানে আটকে পড়া ভারতীয়দের জরুরিভিত্তিতে উদ্ধার এবং ২০১৩ এবং ২০১৭ সালে সৌদি আরব রাজতন্ত্রে সমস্যায় সময় সেখানে কর্মরতদের সাহায্যে কার্যকর পদক্ষেপ করেছিল। এ ভাবে তহবিলের মাধ্যমে সহায়তা করার জন্য সার্বজনীনভাবে প্রশংসিত হয়েছে। কঠিন সময়ে বিদেশে কর্মরত ভারতীয়দের সাহায্য করে তাদের মধ্যে নির্ভরতা বাড়াতে বিশেষ ভাবে কাজ করছে এই সংগঠন।

আইসিডবলুএফ বিদেশের সব ভারতীয় মিশন ও পোস্টে সম্প্রসারিত হয়েছে এবং বিদেশে ভারতীয় মিশন ও পোস্ট দ্বারা সরবরাহিত বিভিন্ন কনসুলার সার্ভিসের উপর পরিষেবা চার্জ চাপিয়ে প্রাথমিকভাবে পরিচালিত হয়।